

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৮২৩

২৬/ ফাযায়েল

পরিচ্ছেদঃ মহানবী (ﷺ) এর দর্শন

## আরবী

عَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: أَصِبْحَ رَسُوْلُ اللهِ عَلَيْ يَوْمًا وصلَّى بِهِمُ الصُّبْحَ، ثُمَّ قَعَدَ لِلنَّاسِ فَقَالَ أَيُّهَا النَّاسُ مَنْ أَعْجَبُ الْخَلْقِ إِيمَانًا قَالُوا: الْمَلَائِكَةُ، قَالَ: " وَمَا لَهُمْ لَا يُوْمِنُونَ وَالْوَحْيُ وَهُمْ عِنْدَ رَبِّهِمْ ؟ " قَالُوا: فَالنَّبِيُّونَ يَا رَسُوْلَ اللهِ ؟ قَالَ: " وَمَا لَهُمْ لَا يُوْمِنُونَ وَالْوَحْيُ يَا رَسُوْلَ اللهِ ؟ قَالَ: " وَمَا لَهُمْ لَا يُوْمِنُونَ وَالْوَحْيُ يَنْزِلُ عَلَيْهِمْ مِنَ السَّمَاءِ ؟ " قَالُوا: فَنَحْنُ يَا رَسُوْلَ اللهِ قَالَ: " وَمَا لَكُمْ لَا تُوْمِنُونَ وَأَنَا يَنْزِلُ عَلَيْهِمْ مِنَ السَّمَاءِ ؟ " قَالُوا: فَنَحْنُ يَا رَسُوْلَ اللهِ قَالَ: " وَمَا لَكُمْ لَا تُوْمِنُونَ وَأَنَا عَرْدُكُمْ لَا تُومْ يَجِيئونَ مِنْ بَعْدِكُمْ وَأَنْتُمْ تَرَوْنَ مَا تَرَوْنَ ؟ وَلَكِنَّ أَعْجَبَ الْخَلْقِ إِيمَانًا قَوْمٌ يَجِيئونَ مِنْ بَعْدِكُمْ فَهُمْ أَعْجَبُ الْخَلْقِ إِيمَانًا قَوْمٌ يَجِيئونَ مِنْ بَعْدِكُمْ فَهُمْ أَعْجَبُ الْخَلْقِ إِيمَانًا مِنَ الْوَحْيِ فَيُومْمِنُونَ بِهِ وَيَتَبِعُونَهُ فَهُمْ أَعْجَبُ الْخَلْقِ إِيمَانًا

## বাংলা

(২৮২৩) ইবনে আব্বাস (রাঃ) বলেন, একদা ফজরের নামায পড়ে বসে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সাহাবাদেরকে জিজ্ঞাসা করলেন, 'হে লোক সকল! ঈমানের ব্যাপারে আজব সৃষ্টি কারা? (জানো কি?)'

তাঁরা বললেন, 'ফিরিশতামণ্ডলী।'

তিনি বললেন, 'তাঁদের কী হয়েছে যে, তাঁরা ঈমান আনবেন না? তাঁরা তো তাঁদের প্রতিপালকের নিকটে রয়েছেন। তাঁরা সব ব্যাপার দর্শন করছেন।

তাঁরা বললেন, 'তাহলে নবীগণ হে আল্লাহর রসূল!'

তিনি বললেন, 'তাঁদের কী হয়েছে যে, তাঁরা ঈমান আনবেন না? তাঁদের উপরে তো আকাশ থেকে অহী অবতীর্ণ হয়।'

তাঁরা বললেন, 'তাহলে আপনার সাহাবা আমরা হে আল্লাহর রসূল!'

তিনি বললেন, 'তোমাদের কী হয়েছে যে, তোমরা ঈমান আনবে না? অথচ তোমরা যা দেখছ তা দেখছ। বরং ঈমানের ব্যাপারে আজব সৃষ্টি হল সেই সম্প্রদায়, যারা তোমাদের পরে আগমন করবে। অতঃপর তারা অহীর কিতাব পেয়ে তার প্রতি বিশ্বাস স্থাপন করবে ও তার অনুসরণ করবে। তারাই হল ঈমানের ব্যাপারে আজব সৃষ্টি।'



## ফুটনোট

(ত্বাবারানীর কাবীর ১২৫৬০, সিঃ সহীহাহ ৩২১৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন